

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
টাঙ্গাইল।

স্মারক নং-৪৪.০৩.৩০৯৩.০০২.৩০.০০৩.২৩- ৫০৬

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

প্রতি : উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
(টাঙ্গাইল জেলার সকল উপজেলা).....


বিষয় : অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) ২য় ধাপ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই প্রসঙ্গে

সূত্র : প্রশিক্ষণ নির্দেশিকা ২০২২-২০২৩ অর্থ বছর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৬/০৩/২০২৩ খ্রিঃ হতে ২৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ২১ দিন মেয়াদী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) ২য় ধাপ জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, টাঙ্গাইলে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের জন্য আগামী ০২/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ০৯.৩০ টায় ১২০ জন প্রশিক্ষণার্থী বাছাই করা হবে। এ পরিপ্রেক্ষিতে আপনার উপজেলা থেকে সর্বাধিক সংখ্যক (ন্যূনতম ২০ জন) নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন অগ্রহী প্রশিক্ষণার্থীদের বাছাইয়ের নিমিত্তে জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, টাঙ্গাইলে যথাসময়ে প্রেরণ করার অনুরোধ করা হলো।

প্রশিক্ষণার্থীর যোগ্যতা :-

জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। ভিডিপি প্লাটুনভূক্ত সদস্য। কমপক্ষে ৮ম শ্রেণী পাশ। সর্বনিম্ন উচ্চতা-৫'-৪"। বয়স ১৮ হতে ৩০ বছর। সুস্বাস্থ্যের অধিকারী। স্বেচ্ছাসেবায় অগ্রহী। এলাকায় সুনামের অধিকারী। সাজাপ্রাপ্ত/দণ্ডিত ও মামলায় জড়িত ব্যক্তি প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না। স্থানীয় চেয়ারম্যান/মেম্বর/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র থাকতে হবে। যারা গ্রামে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করেছে তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে প্রেরণ করতে হবে। প্রশিক্ষণার্থী বাছাই এর ক্ষেত্রে স্থানীয় সরকারের বিভিন্ন নির্বাচন এবং জাতীয় নির্বাচনে নিরাপত্তা দায়িত্ব পালনে অগ্রহী উপযুক্ত প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে। উপজেলার প্রতি ইউনিয়ন হতে প্রশিক্ষণার্থী বাছাই করতে হবে।



মোঃ ইব্রাহিম খলিল
পরিচিতি নম্বর-বিএভি ১২০১৬৪
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
টাঙ্গাইল।

স্মারক নং-৪৪.০৩.৩০৯৩.০০২.৩০.০০৩.২৩-

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

- ১। উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ২। প্রশিক্ষণ শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। সার্কেল অ্যাডজুট্যান্ট, আনসার ও ভিডিপি, টাঙ্গাইল।
- ৪। নোটিশ বোর্ড, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
টাঙ্গাইল